

## বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

গাজীপুর-১৭০১

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০০৯.২৩. ২৬৬৫

তারিখ: ১২/০২/২৫

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোহাম্মদ শাহনুর BARI1670, মেকানিক, মেশিনারি মেরামত ও রক্ষণাবেক্ষণ বিভাগ, বারি, গাজীপুর ১৭-০৪-২০২২ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (ক) (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক “দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের” অভিযোগে অভিযুক্ত করে ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০০৯.২৩.৭৭৫৯ তারিখ: ০১-০৬-২০২৩ মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরণী জারী করা হয়;

যেহেতু, জনাব মোহাম্মদ শাহনুর BARI1670, মেকানিক এর বিরুদ্ধে ১ম কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে ১২-০৬-২০২৩ তারিখে দাখিলকৃত জবাবে আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী চাননি এবং দাখিলকৃত জবাব সন্তোষজনক প্রতিপন্ন না হওয়ায় রুজুকৃত বিভাগীয় মামলা পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০০৯.২৩.১৪০৪ তারিখ: ২৪-০৯-২০২৩ মোতাবেক ড. মো. ইকবাল ফারুক BARI0270, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুরকে তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোহাম্মদ শাহনুর BARI1670, মেকানিক এর বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (ক) (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক “দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়ন” এর অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলার আনুষঙ্গিক কাগজপত্র পর্যালোচনান্তে জীর বিরুদ্ধে “দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক কেন জীকে চাকরি হতে “বরখাস্ত” করা হবে না অথবা অন্য কোন গুরুদত্ত প্রদান করা হবে না এ মর্মে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়;

যেহেতু, সে পরিপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মচারী জনাব মোহাম্মদ শাহনুর BARI1670, মেকানিক নির্ধারিত সময়ের মধ্যে ২য় কারণ দর্শানো নোটিশ এর কোনরূপ জবাব দাখিল করেননি;

যেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মোহাম্মদ শাহনুর BARI1670, মেকানিক এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়াদি ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাপূর্বক বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে “বরখাস্ত” গুরুদত্ত আরোপ করার সিদ্ধান্ত গৃহিত হয়;

যেহেতু, গত ০৮-১২-২০২৪ তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের ৭৯তম বোর্ড সভায় জনাব মোহাম্মদ শাহনুর BARI1670, মেকানিক-কে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে “বরখাস্ত” করার চূড়ান্ত অনুমোদন দেয়া হয়;

সেহেতু, জনাব মোহাম্মদ শাহনুর BARI1670, মেকানিক, মেশিনারি মেরামত ও রক্ষণাবেক্ষণ বিভাগ, বারি, গাজীপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনাক্রমে “দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় জীকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক অত্র ইনস্টিটিউটের চাকরি হতে “বরখাস্ত” করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
(ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ)  
মহাপরিচালক  
ফোন: ০২-৪৯২৭০০০০

জনাব মোহাম্মদ শাহনুর BARI1670, মেকানিক  
মেশিনারি মেরামত ও রক্ষণাবেক্ষণ বিভাগ, বারি, গাজীপুর।

  
জনাব মোহাম্মদ শাহনুর  
পিতা-মৃত রফি উদ্দিন আহম্মদ, ৫৪/১, লক্ষ্মীপুরা, গাজীপুর।

অনুলিপিঃ-

- ১। পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন/কন্দাল), বারি, গাজীপুর
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৩। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, গাজীপুর
- ৪। কৃষি প্রকৌশলী ও বিভাগীয় প্রধান, মেশিনারি মেরামত ও রক্ষণাবেক্ষণ বিভাগ, বারি, গাজীপুর
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
- ৬। রেজি./এডিঃ জনাব মোহাম্মদ শাহনুর BARI1670, মেকানিক, মেশিনারি মেরামত ও রক্ষণাবেক্ষণ বিভাগ, বারি, গাজীপুর
- ৭। রেজি./এডিঃ জনাব মোহাম্মদ শাহনুর, পিতা-মৃত রফি উদ্দিন আহম্মদ, ৫৪/১, লক্ষ্মীপুরা, গাজীপুর
- ৮। এসিআর সেল/কম্পিউটার সেল
- ৯। ব্যক্তিগত নথি/মাস্টার ফাইল/সংশ্লিষ্ট নথি।